



রচনা প্রতিযোগিতা

মেধা লালন প্রকল্প'র প্রিয় সদস্যবৃন্দ,
আন্তরিক শুভেচ্ছা নিও। আশা করি ভালো আছো। আনন্দের সাথে জানাচ্ছি যে, মেধা লালন প্রকল্প'র বর্তমান সদস্যদের পাঠক্রম বহির্ভূত কার্যক্রমের অংশ হিসেবে বিগত আয়োজনসমূহের ধারাবাহিকতায় এবারও (২০২১-২০২২) একটি রচনা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। ফাউন্ডেশনের গভর্নিং বোর্ডের প্রয়াত সম্মানিত সদস্য জনাব এম.এম. রেজাউল করিম-এর স্মরণে এবারের প্রতিযোগিতার নামকরণ করা হয়েছে “এম.এম. রেজাউল করিম স্মৃতি রচনা প্রতিযোগিতা”।

উক্ত প্রতিযোগিতার জন্য রচনার বিষয়বস্তু নির্ধারণ করা হয়েছে “**জীবন ও জীবিকা : প্রেক্ষিত কোভিড ১৯**”। নিজ হাতে বাংলায় দুই হাজার (২০০০) শব্দের মধ্যে A4 সাইজের সাদা কাগজে (কাগজের উভয় পিঠে লিখা গ্রহণযোগ্য নয়) রচনাটি লিখে ফাউন্ডেশনে পাঠাতে হবে। **রচনার শেষে সদস্য'র নাম এবং সদস্য নম্বরের অবশ্যই উল্লেখ করতে হবে; অন্যথায় তা বাতিল হিসেবে গণ্য হবে।** রচনাটি অবশ্যই আগামী **৩০ নভেম্বর, ২০২১** তারিখের মধ্যে ফাউন্ডেশন অফিসে পৌঁছাতে হবে। রচনা মূল্যায়ন করার জন্য ফাউন্ডেশনের গভর্নিং বোর্ডের সম্মানিত সদস্যদের সমন্বয়ে গঠিত একটি কমিটি রচনাসমূহের মান বিচার করে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ধারণ করবেন। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের জন্য নির্ধারিত পুরস্কার-মূল্য যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার টাকা), টা. ৮,০০০/- (আট হাজার টাকা) এবং টা. ৫,০০০/- (পাঁচ হাজার টাকা)। সুবিধাজনক সময়ে ঢাকায় একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রথম তিনটি স্থান অর্জনকারীদের উক্ত পুরস্কার প্রদান করা হবে (কোন কারণে অনুষ্ঠান করা সম্ভব না হলে ডাকযোগে বিজয়ীদের ঠিকানায় পুরস্কার পাঠিয়ে দেয়া হবে)। এছাড়াও পুরস্কৃত রচনা তিনটি ‘নবীন’ পত্রিকায় ক্রমান্বয়ে প্রকাশ করা হবে। এ প্রতিযোগিতায় তোমাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ প্রত্যাশা করছি।

তোমাদের সুস্থ ও সুন্দর ভবিষ্যৎ কামনায়,

তাসনিম হাছান

(তাসনিম হাছান হাই)

নির্বাহী পরিচালক।

হিউম্যান ডেভেলপমেন্ট ফাউন্ডেশন